৫

দৈনিক ইত্তেফাক

তারিখ 03 AUG 1994
পৃষ্ঠা ১২ কলাম ৪

# বিতর্ক পাঠসূচীতে অন্তর্ভুক্ত হইবে

.................................শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ।। শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমিরউদ্দিন সরকার বলিয়াছেন, গণতান্ত্রিক

( ২য় পৃ: ৫-এর ক: দ্র:)

## শিক্ষামন্ত্রী

(শেষ পৃ: পর)

ব্যবস্থায় যুক্তিবাদীতার বিকল্প নাই। যুক্তিবাদী সমাজ প্রতিষ্ঠায় সকলে সমানভাবে আগাইয়া আসিলে গণতন্ত্রকে দ্রুত প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া সম্ভব হইবে। গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির উদ্যোগে প্রথম জাতীয় বিতর্ক উৎসবে তিনি প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করেন। টিএসসি মিলনায়তনে হাসান আহমেদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই উৎসবে অন্যান্যের মধ্যে ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদ, এস, আই, খান, বিরূপাক্ষ পাল প্রমুখ বক্তৃতা করেন। শিক্ষামন্ত্রী বলেন, বিতর্ক মানুষকে সহনশীল, মানবিক, যুক্তিবাদী হিসাবে গড়িয়া উঠিতে সহায়তা করে। এই প্রেক্ষিতে, কৃষি ও বাণিজ্য বিষয়ের মত বিতর্ককেও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠসূচীতে অন্তর্ভুক্ত করা হইবে।

ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদ বলেন, সমাজে মূল্যবোধের অবক্ষয় ঘটিতেছে ইহার কারণ যুক্তির জোর দুর্বল হইয়াছে আর জোরের যুক্তি প্রবল হইয়াছে। ফলে ইহার ক্রিয়া-প্রতিক্রিয়া প্রত্যক্ষভাবে সমাজে পড়িতেছে। তিনি জানান, ঢাকা বিশ্ববিদ্যালয় সন্ত্রাস এবং সেশন জ্যাম হইতে ক্রমশঃ বাহির হইয়া আসিতেছে। কারণ আমরা সন্ত্রাস রোধকল্পে শিক্ষা কার্যক্রমের পাশাপাশি সাংস্কৃতিক চর্চার উপর গুরুত্ব আরোপ করিতেছি।

উৎসবের সন্ধ্যার অধিবেশনে 'বিতর্ক বিকাশে সংগঠনের প্রয়োজনীয়তা' শীর্ষক আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর শমসের আলী বক্তৃতা করেন। তাহার বক্তৃতা শেষে মঞ্চ হইতে নামিবার সময় একদল তরুণ তাহাকে লাঞ্ছিত করিতে উদ্যত হইলে পুলিশ তাহাকে উদ্ধার করে।